

## Case study

একদিন স্কুল থেকে বাড়ি ফেরার পথে অরুণ দেখল, রাস্তার পাশে একজন বৃদ্ধ মানুষ ভারী একটি ব্যাগ নিয়ে দাঁড়িয়ে আছেন। তিনি বারবার ব্যাগটি তোলার চেষ্টা করেও পারছিলেন না। অরুণের বাড়ি ফিরতে একটু দেরি হচ্ছিল। তবুও সে বৃদ্ধের কাছে গিয়ে ব্যাগটি তুলে দিল এবং তাঁকে রাস্তা পার হতে সাহায্য করল। বৃদ্ধ অরুণকে আশীর্বাদ করে বললেন, “অন্যের বিপদে পাশে দাঁড়ানোই মানুষের বড় গুণ।”

পরদিন স্কুলে শিক্ষক অরুণের এই কাজের কথা জানতে পেরে বললেন, “সাহায্য করার জন্য সবসময় বড় কিছু করার প্রয়োজন হয় না। ছোট্ট একটি ভালো কাজও অন্যের জীবনে আনন্দ এনে দিতে পারে।” অরুণ বুঝতে পারল, মানুষের প্রতি সহানুভূতি ও সহযোগিতাই সমাজকে সুন্দর করে তোলে।

১. অরুণ কেন নিজের বাড়ি ফেরার তাড়া ভুলে বৃদ্ধকে সাহায্য করেছিল?

- A. বৃদ্ধ তাকে কিছু দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন
- B. বৃদ্ধের অসুবিধা দেখে তার মনে সহানুভূতি জেগেছিল
- C. শিক্ষক তাকে সাহায্য করতে বলেছিলেন
- D. সে বৃদ্ধকে চিনত

২. অরুণের কাজটি কোন মানবিক গুণের পরিচয় দেয়?

- A. অহংকার
- B. অলসতা
- C. সহানুভূতি ও সহযোগিতা
- D. প্রতিযোগিতা

৩. গল্পটির মূল শিক্ষাটি কোনটি?

- A. সবসময় নিজের কাজ আগে করতে হয়
- B. অন্যের বিপদে সাহায্যের হাত বাড়িয়ে দেওয়া উচিত
- C. অপরিচিত মানুষকে কখনও সাহায্য করা উচিত নয়
- D. ভালো কাজের বিনিময়ে পুরস্কার পাওয়া দরকার

৪. অরুণের পরিবর্তে তুমি সেখানে থাকলে কোন কাজটি করত?

- A. বৃদ্ধকে উপেক্ষা করে চলে যেতাম
- B. অন্য কাউকে সাহায্য করতে বলতাম
- C. নিজের সামর্থ্য অনুযায়ী বৃদ্ধকে সাহায্য করতাম
- D. বৃদ্ধের ব্যাগ নিয়ে চলে যেতাম

৫. মন্তব্য : অরুণ একজন সহানুভূতিশীল ছেলে।

কারণ : সে নিজের অসুবিধার কথা না ভেবে বিপদে পড়া বৃদ্ধকে সাহায্য করেছিল।

- A) মন্তব্য ও কারণ উভয়ই ঠিক B) মন্তব্য ঠিক ,কারণ ভুল C) মন্তব্য ও কারণ উভয়ই ভুল D) মন্তব্য ভুল,কারণ ঠিক ।

৬. মন্তব্য: সমাজকে সুন্দর করে তুলতে সহযোগিতার প্রয়োজন।

কারণ : মানুষ একে অপরের বিপদে পাশে দাঁড়ালে পারস্পরিক সম্পর্ক আরও সুন্দর ও দৃঢ় হয়।

A) মন্তব্য ও কারণ উভয়ই ঠিক B) মন্তব্য ঠিক ,কারণ ভুল C) মন্তব্য ও কারণ উভয়ই ভুল D)  
মন্তব্য ভুল,কারণ ঠিক ।